গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৩৫০০.০৪২.৯৯.০০৯.১৯-১৯৮৭

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০
০৩ অক্টোবর ২০২৩

**বিষয়: গোপালগঞ্জ জেলার টুংঙ্গিপাড়াস্থ জেলা পরিষদের অডিটরিয়ামের রেট্রোফিটিং, রেনোভেশন নির্মাণ কাজের অনুমোদন এবং পরামর্শক প্রতিষ্ঠান (ডিজাইন এবং সুপারভিশন) নিয়োগ সংক্রান্ত।**

সূত্র- (১) এলজিইডি এর স্মারক নং-১৫২৫, তারিখ: ১০/০৮/২০২৩।
(২) জেলা পরিষদ, গোপালগঞ্জ,এর স্মারক ৬১১, তারিখ: ১৫/০৫/২৩।
(৩) জেলা পরিষদ, গোপালগঞ্জ এর স্মারক ৬৭৫, তারিখ: ১৫/০৫/২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়াস্থ ৪০০ আসন বিশিষ্ট জেলা পরিষদের অডিটরিয়াম এর রেট্রোফিটিং এবং রেনোভেশন কাজ বাস্তবায়নের লক্ষ্যে ১০.০২৭২৯৪৫ কোটি (দশ কোটি দুই লক্ষ বাহাত্তর হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকার দরপত্র (সর্বনিম্ন দর) অনুমোদনের জন্য প্রস্তাব পাওয়া যায়। একইসাথে উক্ত কাজ বাস্তবায়নের পরামর্শক প্রতিষ্ঠান (ডিজাইন এবং সুপারভিশন) নিয়োগের লক্ষ্যে ০.৯৮০৯৫ কোটি (আটানব্বই লক্ষ নয় হাজার পাঁচশত) টাকায় ব্যয়ের অনুমতি প্রদানের জন্য উক্ত জেলা পরিষদ হতে প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রকল্পের প্রক্রিয়াগত সঠিকতা রয়েছে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে প্রকল্পের প্রক্রিয়াগত সঠিকতা রয়েছে মর্মে এলজিইডি হতে মতামত পাওয়া গেছে।

০২। বর্ণিতাবস্থায়, এলজিইডি এর মতামতের প্রেক্ষিতে গোপালগঞ্জ জেলার টুংঙ্গিপাড়াস্থ জেলা পরিষদের অডিটরিয়ামের রেট্রোফিটিং, রেনোভেশন নির্মাণ কাজের অনুমোদন এবং পরামর্শক প্রতিষ্ঠান (ডিজাইন এবং সুপারভিশন) নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩/১০/২৩

মোহাম্মদ সামছুল হক
যুগ্মসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ: (কার্যার্থে):**

(১) চেয়ারম্যান, জেলা পরিষদ, গোপালগঞ্জ।
(২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গোপালগঞ্জ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।